

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
www.mohfw.gov.bd

৪৫.১৪১.০০৫.০০.০০.০০৩.২০১৩-৫১

তারিখঃ ২৪.০২.২০১৬খ্রিঃ


বিষয়ঃ কর্মস্থলে চিকিৎসকদের ইলেকট্রনিক হাজিরা নিশ্চিতকরণ।

সূত্রঃ ৪৫.১৪১.০০৫.০০.০০.০০৩.২০১৩-১৫৫, তারিখঃ ২১.০৭.২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক সারাদেশে চিকিৎসা সেবা কার্যক্রম নিশ্চিতকরণের উদ্দেশ্যে চিকিৎসকদের উপস্থিতি মনিটর করা হচ্ছে। গত ১৬.০২.১৬ তারিখে স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটে বায়োমেট্রিক মেশিনে ইলেকট্রনিক হাজিরা পরীক্ষায় দেখা যায় যে, ১১টি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে উপস্থিতির হার ছিল আশঙ্কাজনক কম। সাভার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে (১৯%), গাজীপুর জেলা হাসপাতালে (১২%), ইসলামপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে (২০%), অষ্টগ্রাম (৮%), ইটনা (৭%), করিমগঞ্জ (৯%), খোবাউড়া (৫%), মোহনগঞ্জ (১৩%), পূর্বধলা (৮%), ভেদরগঞ্জ (১% এর কম), হোমনা (১৯%), উপস্থিতি পরিলক্ষিত হয়।

২। গত ১৫.০৬.১৪ তারিখে মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত স্মারকে দেশের যেসব স্বাস্থ্য সেবাকেন্দ্রে বায়োমেট্রিক মেশিন স্থাপন করা সত্ত্বেও ইলেকট্রনিক হাজিরা প্রদান করা হয় না সেসব প্রতিষ্ঠান প্রধানদের ব্যাখ্যা তলবের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। গত ২১.০৭.২০১৫ তারিখে দেশের সরকারি হাসপাতালসহ স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে চিকিৎসকদের উপস্থিতি নিশ্চিতকরণে পরিপত্র জারি করা হয়। উক্ত পরিপত্রে স্বাস্থ্য সেবাদানকারী প্রতিষ্ঠানের তত্ত্বাবধানকারী কর্মকর্তাগণকে তাদের আওতাধীন চিকিৎসকসহ স্বাস্থ্য সেবাকর্মীর উপস্থিতি নিশ্চিতকরণ এবং অনুনোমোদিত অনুপস্থিতির ক্ষেত্রে তত্ত্বাবধানকারী কর্মকর্তাগণকে দায়বদ্ধ করা হবে মর্মে নির্দেশনা প্রদান করা যায়।

৩। এমতাবস্থায়, বর্ণিত প্রস্তাবসমূহে তত্ত্বাবধানকারী কর্মকর্তাগণকে বর্ণিত তারিখে আশঙ্কাজনক স্বল্প উপস্থিতির বিষয়ে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে মন্ত্রণালয়ে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হল।


(ফাতেমা রহিম ভীনা)
উপসচিব
৯৫৪০৩৬২

ই-মেইল-monitor@mohfw.gov.bd

কার্যার্থেঃ

- ১। সিলিভ সার্জন/তত্ত্বাবধায়ক, গাজীপুর জেলা সদর হাসপাতাল, গাজীপুর।
- ২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ইসলামপুর, অষ্টগ্রাম, ইটনা, করিমগঞ্জ, খোবাউড়া, মোহনগঞ্জ, পূর্বধলা, ভেদরগঞ্জ, হোমনা) উপজেলো স্বাস্থ্য কমপ্লেক্স।

জ্ঞাতার্থেঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাপকম, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/হাসপাতাল) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।